

সীমিত

মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি
(এমআইএসটি)
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬
তারালাপনী : ৮০৩১১১১ বর্ষিত ৩৮২০
ই-মেইল : info@mist.ac.bd
ওয়েব সাইট : www.mist.ac.bd

১৬ আষাঢ় ১৪২৮

২৭ জুন ২০২১

৪০০৮/বেসাঃ/নিয়োগ/গ্রেড-১৪/১২তম


নিয়োগ পত্র - পিএ স্টেনো (১৪তম গ্রেড)

১। আপনার আবেদনের প্রেক্ষিতে উপরোক্ত পদে নিয়োগের জন্য এমআইএসটি'র বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনাকে এমআইএসটি'র অনুমোদিত শূণ্য পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

- ক। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, তবে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শর্তপূরণ সাপেক্ষে ভবিষ্যতে আপনার চাকরি স্থায়ী করা হবে।
- খ। প্রতিরক্ষা খাত হতে বেতন প্রাপ্ত আপনার সমমর্যাদা সম্পন্ন বেসামরিক কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য শৃঙ্খলা ও আচরণ বিধিসহ অন্যান্য বিধি-বিধান এবং উহার ধারাবাহিকতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ/নির্দেশ আপনার জন্য সমভাবে প্রযোজ্য হবে।
- গ। চাকরির অন্যান্য শর্তাবলী মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ এবং মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি সংশ্লিষ্ট বিধি-বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ঘ। আপনি সরকারী বিধি অনুযায়ী প্রাপ্ত অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ১০,২০০-২৪,৬৮০/- (১৪তম গ্রেড) বেতনস্কেলে বেতন ও ভাতা প্রাপ্ত হবেন।
- ঙ। আপনার কর্মে যোগদানের তারিখ হতে চাকরি গণনা, বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।
- চ। এই নিয়োগ প্রারম্ভিকভাবে ০২ (দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসাবে গণ্য হবে। এই প্রারম্ভিক শিক্ষানবিসকালে আপনার কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে প্রয়োজনবোধে এই সময়সীমা আরও ০২ (দুই) বৎসর বৃদ্ধি করা যেতে পারে।
- ছ। শিক্ষানবিসকালে আচরণ ও কর্মকৃতি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই চাকরি থেকে অপসারণ (terminate) করা যাবে।
- জ। চাকরি হতে পদত্যাগ করতে চাইলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পদত্যাগ পত্র, কমান্ড্যান্ট, এমআইএসটি বরাবরে দাখিল করতে হবে। পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত আপনাকে কর্মস্থলে কর্মরত থাকতে হবে। অন্যথায় বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করলে আপনার বিরুদ্ধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- ঝ। এমআইএসটি কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত পেশা সম্বন্ধীয় যে কোন প্রয়োজনীয় প্রশিক্ষণে অংশ গ্রহনে আপনি বাধ্য থাকবেন।
- ঞ। চাকরিতে যোগদানের তারিখে আপনার সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র প্রশাসনিক শাখা (বেসামরিক প্রশাসনিক সেকশন) এমআইএসটি'তে জমা সাপেক্ষেই আপনার যোগদান গ্রহণযোগ্য বলে গণ্য হবে।
- ট। এই নিয়োগ সম্পূর্ণ জনস্বার্থে জারী করা হলো। এ নিয়োগ আদেশের ফলে আপনার এমআইএসটিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমন ভাতা প্রদান করা হবে না।

সীমিত

২। উপরোক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হলে আপনাকে আগামী ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রশাসনিক শাখা (বেসামরিক প্রশাসনিক সেকশন) এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকায় কর্মে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।



মোঃ মতিউর রহমান
কর্ণেল
পক্ষে কমান্ড্যান্ট

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

মোহাম্মদ আরিফুল ইসলাম
পিতাঃ মোহাম্মদ আব্দুল জলিল
মাতাঃ নাসিমা আক্তার
গ্রামঃ রামদী
পোঃ রামদী-২৩৩৭
থানাঃ কুলিয়ারচর
জেলাঃ কিশোরগঞ্জ

অর্থ নিয়ন্ত্রক (বিবিধ) এর কার্যালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা

অভ্যন্তরীণ :

অবগতি :

প্রশাসনিক শাখা (হিসাব সেকশন)